

প্রেস আমন্ত্রণ

১৬/০৫/২০২৪

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

মহোদয়,

কর্মজীবী নারী ও সেইফটি এন্ড রাইটস সোসাইটি (এসআরএস) এর পক্ষ থেকে শুভেচ্ছা নিবেন!

'কর্মজীবী নারী' এবং 'সেইফটি এন্ড রাইটস সোসাইটি (এসআরএস)' দুইটি বেসরকারি উন্নয়ন সংগঠন। আমরা ২০২২ সাল থেকে GIZ এর সহযোগিতায় ঢাকা ও গাজীপুরের বিভিন্ন এলাকায় উইমেন্স ক্যাফেতে গার্মেন্টস, লেদার ও ট্যানারি শিল্পের শ্রমিকদের শোভন কর্মপরিবেশ, শ্রম আইন, জেন্ডার ও স্বাস্থ্য বিষয়ে সচেতনতামূলক বিভিন্ন ধরনের কার্যক্রম পরিচালনা করে আসছি। এই কাজের ধারাবাহিকতায় আগামী **১৭ মে ২০২৪ (শুক্রবার) প্রধান মিলনায়তন, মুক্তিযুদ্ধ জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকায় সকাল ১০ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত "গার্মেন্ট শ্রমিক তারকামেলা"** শীর্ষক সাংস্কৃতিক অনুষ্ঠান ও উৎসবের আয়োজন করতে যাচ্ছি।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় সংসদ সদস্য **জনাব মো: মুজিবুল হক চুন্নু এমপি**, কিশোরগঞ্জ-৩ (সাবেক প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়)। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় সংসদ সদস্য **অনিমা মুক্তি গোমেজ এমপি**, নির্বাচনী এলাকা: ৩২৯, মহিলা আসন-২৯, বাংলাদেশ আওয়ামী লীগ। আরো উপস্থিত থাকবেন জাতীয় নেতৃবৃন্দ, বিভিন্ন সরকারি ও বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, নিয়োগদাতা, কারখানা ব্যবস্থাপক, আন্তর্জাতিক দাতা সংস্থার প্রতিনিধি, জাতীয় উন্নয়ন সংগঠনের প্রতিনিধি, জাতীয় শ্রমিক সংগঠনের নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, সাংবাদিকবৃন্দসহ তৈরি পোশাক শিল্প ও ট্যানারি শিল্প খাতে নিয়োজিত ৫০০ শ্রমিক।

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক/দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল/বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক/একজন ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

ধন্যবাদ

রাজীব আহমেদ

সমন্বয়ক (প্রোগ্রাম) কর্মজীবী নারী

০১৭২৬২৯১৬৬৪